


# যুগান্তর

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে তারুণ্যের মিলনমেলা

প্রকাশ : ১৩ ডিসেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে ২৩টি ক্লাবের সমন্বিত বার্ষিক উৎসব ‘ক্লাব ফেয়ার-২০১৮’ অনুষ্ঠিত হয় ১১ ডিসেম্বর। এবারের মিলনমেলার মূল প্রতিপাদ্য বিষয় হল ‘পুনরুত্থান’। উৎসবকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে ছিল সাজ সাজ রব। এতে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের প্রায় ২৬ হাজার ছাত্রছাত্রী, শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তারা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট শিল্পপতি পারটেক্স গ্রুপ এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এমএ হাসেম এবং বিশেষ অতিথি ভিসি অধ্যাপক ড. আতিকুর রহমান। উপস্থিত ছিলেন প্রো-ভিসি (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ডা. গিয়াস ইউ. আহসান, স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক পারিশা শাকুর প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।